বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ

## বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকার অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালনের ১১-০৭-২০১৮ তারিখে অনুষ্ঠিত ২৯ তম সভার কার্যবিবরণী।

বাংলাদেশ কৃষি ব্যাংক প্রধান কার্যালয়ের মহাব্যবস্থাপক, নিরীক্ষা ও অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ মহাবিভাগ এর সভাপতিত্বে তার অফিস কক্ষে বিগত ১১-০৭-১৮ তারিখ সকাল ১০.৩০টায় বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়ের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন (আইসিসি) এর মনিটরিং ইউনিট, পরিপালন ইউনিট, নিরীক্ষা ও পরিদর্শন ইউনিট এবং অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ টিম (আইসিটি) এর ২৯ তম সভা অনুষ্ঠিত হয়। সভায় আইসিসি এর সকল ইউনিট এর নিম্নোক্ত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

| ক্রঃ নং | কর্মকর্তার নাম ও পদবী | ইউনিট পদবী |
|---|---|---|
| ০১। | মিসেস লুৎফুন নাহার নাজ,উপমহাব্যবস্থাপক<br>অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সভাপতি<br>মনিটরিং ও পরিপালন ইউনিট |
| ০২। | জনাব মাহমুদ আহমেদ চৌধুরী, সহকারী মহাব্যবস্থাপক<br>প্রত্যবেক্ষন ও নিরীক্ষা বিভাগ- ২, বিকেবি, প্রকা, ঢাকা। | সভাপতি<br>নিরীক্ষা ও পরিদর্শন ইউনিট |
| ০৩। | উপমহাব্যবস্থাপক(পক্ষে)এ এইচ এম মাহবুবুল আলম,<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সিস্টেম বিভাগ | সদস্য<br>অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন |
| ০৪। | জনাব তরুণ কুমার কুণ্ডু , সহকারী মহাব্যবস্থাপক<br>অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা । | সভাপতি<br>অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ টীম |
| ০৫। | মোঃ আমিনুর রহমান , উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা<br>অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য<br>মনিটরিং ও পরিপালন ইউনিট |
| ০৬। | জনাব মোঃ দুলাল মিয়া, উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা<br>আন্তর্জাতিক বাণিজ্য বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য<br>অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ টীম |
| ০৭। | জনাব সুজন চক্রবর্তী , মুখ্য কর্মকর্তা<br>আইসিটি সিস্টেমস্ বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা । | সদস্য<br>অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ টীম |
| ০৮। | জনাব মোস্তাফিজুর রহমান , মুখ্য কর্মকর্তা<br>প্রত্যবেক্ষন ও নিরীক্ষা বিভাগ- ২, বিকেবি, প্রকা, ঢাকা । | সদস্য<br>অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ টীম |
| ০৯। | জনাব কাজী হাসানুজ্জামান , কর্মকর্তা<br>প্রত্যবেক্ষন ও নিরীক্ষা বিভাগ- ১, বিকেবি, প্রকা, ঢাকা । | সদস্য<br>অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ টীম |
| ১০। | জনাব মোহাঃ তাওহীদুল ইসলাম , মুখ্য কর্মকর্তা<br>অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা । | সদস্য সচিব<br>অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ টীম,<br>মনিটরিং ও পরিপালন ইউনিট |

০২। সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় ২৭-০৫-২০১৮ তারিখে ২৮ তম সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি উপস্থাপন করেন অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ টীম এর সভাপতি জনাব তরুণ কুমার কুণ্ডু , সহকারী মহাব্যবস্থাপক অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। বিগত সভার কার্যবিবরণীর উপর বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে তা অনুমোদিত হয় এবং বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি এবং বিবিধ আলোচ্যসূচী অনুযায়ী বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়ঃ

ক) অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ দল কর্তৃক ১৪-০২-২০১৮ তারিখে ভোলা মুখ্য অঞ্চলাধীন ভোলা শাখা পরিদর্শন রিপোর্ট ৩১-০৫-২০১৮ তারিখে প্রেরণ করা হয়েছে। ২২-০৪-২০১৮ তারিখে পরিদর্শনকৃত ঝিনাইদহ মুখ্য অঞ্চলাধিন ঝিনাইদহ শাখার পরিদর্শন রিপোর্ট ০৪-০৭-২০১৮ তারিখে প্রেরণ করা হয়েছে। ২৩-০৪-২০১৮তারিখে পরিদর্শনকৃত কুষ্টিয়া মুখ্য অঞ্চলাধীন কুষ্টিয়া শাখা ও ২৪-০৪-২০১৮ তারিখে পরিদর্শন কৃত মাগুরা মুখ্য অঞ্চলাধীন মাগুরা শাখার পরিদর্শন রিপোর্ট প্রস্তুতির কাজ শেষ হয়েছে যা অনুমোদনের অপেক্ষায় আছে । পরবর্তীতে ২৮ তম সভার সিদ্ধান্ত অনুযায়ী গত ২৫/০৬/২০১৮ তারিখে ঢাকা মুখ্য অঞ্চলাধীন খামারবাড়ি শাখা পরিদর্শন করা হয়েছে । পরিদর্শন রিপোর্ট এর কাজ পক্রিয়াধীন আছে এবং পরবর্তীতে ঢাকা বিভাগাধীন ০২ টি শাখা পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে ।

খ) ২৭/০৫/১৮ তারিখে অনুষ্ঠিত ২৮ তম অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালনের যৌথসভার সভার “খ” সিদ্ধান্ত জানিয়ে অত্র বিভাগের পত্র নং ১১৬৮(০৩) তারিখ ২৮/০৫/১৮ এর মাধ্যমে শাখাওয়ারী হালনাগাদ তথ্য সরবরাহের জন্য আইসিটি সিস্টেম বিভাগ / আইসিটি অপারেশন বিভাগকে অবহিত করা হয় ।আইসিটি অপারেশন বিভাগ এর পত্র নং ৬৩৭ তারিখ

১৩-০৩-২০১৮ এর মাধ্যমে ১০৯ টি শাখার তথ্য সরবরাহ করে। এবং পরবর্তীতে আইসিটি অপারেশন বিভাগের পত্র নং ০৫ তারিখ ০৩/০৭/১৮ এর মাধ্যমে আরও ৩৪ টি শাখা সহ মোট ১৪৩ টি শাখার তথ্য সরবরাহ করেন। যার মধ্যে ২৯ টি শাখায় ৪১ প্রদেয় খাতে ১৫,৬৬৩১০৬৫/১২ টাকা ও ১৩১ আদায় যোগ্য খাতে ৭২,৭২,১৫৩/৩২ টাকা অসমন্বিত রয়েছে। (শাখা ওয়ারী লিস্ট সংযুক্ত)। বাকী ১০৭ টি শাখার মধ্যে ০৯টি শাখা ম্যানুয়ালি ফিরে এসেছে, ৭৩ টি শাখার কোন অসমন্বিত এন্ট্রি নাই। বাকী ২৫ টি শাখার হালনাগাদ তথ্য সরবরাহ করার জন্য আইসিটি অপারেশন বিভাগকে পুনরায় পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। (কার্যকরণঃআইসিটি সিস্টেম বিভাগ / আইসিটি অপারেশন বিভাগ)

গ) ২৭-০৫-২০১৮ তারিখে অনুষ্ঠিত ২৮ তম অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালনের যৌথসভার "গ" নং অনুচ্ছেদ অনুযায়ী অত্র বিভাগের পত্র নং ১১৭৯ তারিখ ০৬/০৬/১৮ এর মাধ্যমে অধ্যক্ষ (মহাব্যবস্থাপক) স্টাফ কলেজ কে প্রয়োজনীয় প্রশিক্ষণ এর ব্যবস্থা করার জন্য পুনরায় বিনীত অণুরোধ করা হয়েছে। এই চিঠির প্রেক্ষিতে বিকেবি স্টাফ কলেজ এর পত্র নং ০১ তারিখ ০১/০৭/১৮ এর মাধ্যমে অবহিত করেন যে ২০১৮-২০১৯ অর্থবছর থেকে বুনিয়াদী প্রশিক্ষণ কোর্স সহ অন্যান্য কোর্সে দৈনিক, সাপ্তাহিক ও মাসিক ভিত্তিতে Departmental Control Function Checklist(DCFCL) প্রস্তুত ও Self Assessment of Anti Fraud Internal Controls প্রতিবেদন প্রস্তুত করার পদ্ধতি ও প্রয়োজনীয়তা ও গুরুত্ব সম্পর্কে ০২ (দুই) টি ক্লাস অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

ঘ) বাংলাদেশ ব্যাংকে প্রেরিত জুলাই- ডিসেম্বর ষাণ্মাসিক প্রতিবেদনের সাথে ২৪ টি পুরনো মামলা সংক্রান্ত প্রতিবেদন শাখা হতে না পাওয়ায় বাংলাদেশ ব্যাংকে Department of off-site supervision এ প্রেরণ করা হয় নাই। পরবর্তীতে ২৪ টি জাল জালিয়াতি মামলার তথ্য সহ পূর্বের দাখিলকৃত ১০ টি মামলা সহ মোট ৩৪ টি মামলার হালনাগাদ তথ্য সংগ্রহ করে ১ টি প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে যা আগামী জানুয়ারী - জুন / ২০১৮ Self Assessment of Anti Froud Internal Controls এর প্রতিবেদনের সাথে সংযুক্ত করে বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করা হবে। যা মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় দেখেছেন এবং অনুমোদন দিয়েছেন। (কার্যকরণঃঅভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ)

ঙ) বিগত ২৭/০৫/১৮ তারিখে অনুষ্ঠিত ২৮ তম অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালনের যৌথসভার "ঙ" নং সিদ্ধান্ত অনুযায়ী বিগত ০৫-০৬-২০১৮ তারিখে ১০৭৬(২) নং পত্রের মাধ্যমে আইসিটি অপারেশন/ আইসিটি সিস্টেম বিভাগ কে **শাখায় কর্মরত কর্মকর্তা গন ইউজার পাসওয়ার্ড পরস্পর শেয়ার করে এবং কম্পিউটার অপারেটর প্রয়োজনীয় কাজে বাইরে গেলে / কম্পিউটার হতে দূরে গেলে কম্পিউটার লগ আউট না করেই চলে যান** এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। অদ্যবধী কোন জবাব পাওয়া যায় নাই। পুনরায় পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। (কার্যকরণঃআইসিটি সিস্টেম বিভাগ / আইসিটি অপারেশন বিভাগ)

চ) আই সি টি অপারেশন বিভাগ কর্তৃক প্রেরিত পত্রে দেখা যায় যে মোট ২৫০ টি শাখা অন লাইন এ যাওয়ার পূর্বে ৪১ প্রদেয় এবং ১৩১ আদায় যোগ্য খাতে বিপুল পরিমাণ টাকা রাখা আছে। যেমন- ময়মন সিংহ শাখা ৪১ প্রদেয় খাতে ৭০,৭৯,১৫৫/৫৯ টাকা ১৩১ আদায় যোগ্য খাতে ৩৫,২৮,৫৯৯/৬৫ টাকা।ফকিরহাট শাখা বাগেরহাট ৪১ প্রদেয় খাতে ১৪,৫৭,২৫,৫৭৯/২৬ টাকা এবং কেন্দুয়া শাখা নেত্রকোনা ৪১ প্রদেয় খাতে ৭,৩৬,৬৭৮/৬৭ টাকা ১৩১ আদায় যোগ্য খাতে ৭,৮৬,৭৭৮/- টাকা অসমন্বিত রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে সংশ্লিষ্ট শাখা গুলোকে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। (কার্যকরণঃ অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ)

ছ) ব্যাংকে সংঘটিত জাল জালিয়াতি সংক্রান্ত মামলার তথ্য ভিজিলেন্স স্কোয়াড বিভাগ সংরক্ষণ করে থাকে। কিন্তু এ সংক্রান্ত একটি ষাণ্মাসিক প্রতিবেদন অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ কর্তৃক বাংলাদেশ ব্যাংকের Department of off-site supervision এ প্রেরণ করে। প্রতিবেদনটির তথ্য সংগ্রহ করার জন্য অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ সকল মুখ্য আঞ্চলিক / আঞ্চলিক কার্যালয় এবং প্রধান কার্যালয়ের ভিজিলেন্স স্কোয়াড সহ সংশ্লিষ্ট বিভাগগুলোতে পত্র প্রেরণ করে। দেখা গেছে একাধিক বিভাগ জাল জালিয়াতি মামলা সংক্রান্ত বিষয় নিয়ে কার্যক্রম পরিচালনা করে এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট সিদ্ধান্তের জন্য নথি উপস্থাপন করে থাকে। যেমন প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ ২, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ এবং হিউম্যান রিসোর্স ম্যানেজম্যান্ট ডিপার্টমেন্ট - ৩,৪। এতে করে সব তথ্য অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগে পাওয়া যায় না। যার ফলে Self Assessment of Anti Froud Internal Controls প্রতিবেদন টি সংকলন করতে অনেক তথ্য বাদ পড়ে যায় এবং অসম্পূর্ণ তথ্য নিয়েই প্রতিবেদনটি বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করা হয়। উদাহরন স্বরূপ উল্লেখ করা যায় বিকেবি -

a) মাছিমপুর শাখায় সংঘটিত জাল জালিয়াতির বিষয়ে শাখা নিয়ন্ত্রণ বিভাগ কর্তৃক পরিচালনা পর্ষদে কারযপত্র উপস্থাপন করা হয়েছে।
b) গফরগাঁও শাখায় সংঘটিত জাল জালিয়াতির বিষয়ে সিদ্ধান্তের জন্য হিউম্যান রিসোর্স ম্যানেজম্যান্ট ডিপার্টমেন্ট - ৪ কর্তৃক সমন্বয় কমিটির সভায় উপস্থাপন করা হয়েছে।

c) নলছিটি, বান্দরবন, চরফল কন , আবুরহাট শাখায় সংঘটিত জাল জালিয়াতি মামলার বিষয়ে সিদ্ধান্তের জন্য হিউম্যান রিসোর্স ম্যানেজম্যান্ট ডিপার্টমেন্ট - ৩ কর্তৃক বিভাগীয় action কমিটির সভায় উপস্থাপন করা হয়েছে।

d) টি বোর্ড শাখার মামলা প্রধান কার্যালয়ের আইন বিভাগ কর্তৃক পরিচালিত হচ্ছে।

বিভিন্ন বিভাগ কর্তৃক জালজালিয়াতি মামলা সংক্রান্ত কার্যক্রম ও সিদ্ধান্ত , বাস্তবায়ন সংক্রান্ত তথ্য অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগকে প্রেরণ করা না হলে জাল জালিয়াতি মামলা সংক্রান্ত হালনাগাদ তথ্য পাওয়া না গেলে বাংলাদেশ ব্যাংকে প্রেরিত প্রতিবেদনটিতে হালনাগাদ তথ্য সংযুক্ত করে প্রতিবেদন প্রস্তুত করা সম্ভব হয় না । যে কারনে সংশ্লিষ্ট সকল বিভাগ যারা জাল জালিয়াতি মামলা সংক্রান্ত কার্যক্রম গ্রহণ ও সম্পন্ন করে সে সকল বিভাগকে গৃহীত কার্যক্রম ও সিদ্ধান্ত অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগকে অবহিত করনের জন্য অনুরোধ করা যেতে পারে । এ সংক্রান্ত একটি কার্যপত্র সমন্বয় কমিটির সভায় উপস্থাপন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে । ( কার্যকরণঃঅভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ ) ।

জ) অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগের অনুমোদিত জনবল নিম্নরূপঃ

| পদবী | অনুমোদিত জনবল | বিদ্যমান জনবল |
|---|---|---|
| ডিজিএম | ১ | ১ |
| এ জি এম | ২ | ২ |
| এস পি ও | ২ | ১ |
| পি ও | ৩ | ১ |
| এস ও | ৪ | ০ |
| অফিসার | ৫ | ২ |
| ডাটা এন্ট্রি | ১ | ০ |
| দপ্তরী | ১ | ১ |
| মোট | ১৯ | ৮ |

১ জন এজিএম সেপ্টেম্বর/১৮ মাসে এবং একজন এজিএম ডিসেম্বর/১৮ মাসে পি আর এল এ যাবেন।এত স্বল্প জনবল নিয়ে বিভাগের দৈনন্দিন কর্মতৎপরতা চালাতে ভীষণ অসুবিধার সম্মুখীন হতে হচ্ছে। এমতাবস্থায় ১৯ জনের বিপরীতে মাত্র ৮ জন কর্মকর্তা / কর্মচারী নিয়ে বিভাগের কাজকর্ম সুষ্ঠু ভাবে চালানো দুরূহ হয়ে পড়েছে যার কারনে হিউম্যান রিসোর্স ম্যানেজম্যান্ট ডিপার্টমেন্ট - ১ এবং হিউম্যান রিসোর্স ম্যানেজম্যান্ট ডিপার্টমেন্ট - ২ কে জনবল পদায়নের জন্য পত্র লেখার সিদ্ধান্ত গৃহীত হয়েছে ।(কার্যকরণঃঅভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ)

ঝ) পর্ষদ ব্যবস্থাপনা কমিটির ২১/০৩/২০১৮ তারিখের ১৪ তম এবং ২১/০৬/২০১৮ তারিখের ১৫ তম সভার সিদ্ধান্ত অনুযায়ী বাংলাদেশ ব্যাংকের নির্ধারিত চেকলিস্ট অনুযায়ী শাখা ব্যবস্থাপক নিজেই নিজের শাখা পরিদর্শন করে প্রতিবেদন অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগে প্রেরণের সিদ্ধান্ত প্রদান করেন । এর প্রেক্ষিতে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ ১০/০৪/২০১৮ তারিখে এবং ১০/০৬/২০১৮ তারিখে শাখা সমূহকে প্রতিবেদন প্রেরণের নির্দেশনা দেয়ার জন্য সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক / আঞ্চলিক ব্যবস্থাপক কে পত্র প্রেরণ করা হয় । যেহেতু সিদ্ধান্ত ছিল “ ঊর্ধ্বতন কর্তৃপক্ষের বৈধ আদেশ নির্দেশনা না মানা অসদাচরণের সামিল। বিষয়টি গুরুত্ব বিবেচনায় সংশ্লিষ্ট সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপকগণ ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত গুরুত্ব সহকারে না নেয়ার বিষয়টি ব্যবস্থাপনা পরিচালক কে অবহিত করতে হবে এবং তাদের সকলের বিরুদ্ধে অবিলম্বে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে। অধিকন্তু সকলের নিকট হতে জবাব সংগ্রহ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রদানে ব্যর্থ মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপকগণের তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে ”। ১১/০৭/২০১৮ তারিখ পর্যন্ত অত্র বিভাগে ১০৩১ টি শাখার মধ্যে ১১ টি অঞ্চলের মোট ৪২ টি শাখার এবং সিলেট মুখ্য অঞ্চলের ২৬ টি শাখার পরিদর্শন প্রতিবেদন পাওয়া গিয়েছে । সে কারনে বিষয়টির গুরুত্ব অনুধাবন করে সকল শাখা হতে সংগৃহীত সমন্বিত করে পুনরায় অত্র বিভাগে প্রেরণ করার জন্য পুনরায় সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক / আঞ্চলিক ব্যবস্থাপক কে পত্র লেখার সিদ্ধান্ত গৃহীত হয়েছে ।(কার্যকরণঃ অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ )

ঞ) অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ইউনিটের সদস্য প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ ১ ও ২ কে সভায় লিখিত ভাবে আলোচ্যসূচী পেশ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে । উল্লেখিত ২ টি বিভাগ সভা অনুষ্ঠিত হওয়ার আগে আলোচ্য সূচী লিখিত ভাবে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগে প্রেরণ করবেন। (কার্যকরণঃ প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ ১ ও ২)

০৩। সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৪.০৭.১৮

(ননী গোপাল দত্ত)
মহাব্যবস্থাপক
নিরীক্ষা ও অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ মহাবিভাগ
বিকেবি, প্রকা, ঢাকা।

নং/প্রকা/অনিবিঃপ্রশা- ৪৪/২০১৮-২০১৯/ ৮৫ তারিখঃ ২৪- ০৭- ২০১৮খ্রীঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১. চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা ।
০২. স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়,ঢাকা ।
০৩. স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪. উপমহাব্যবস্থাপক, প্রত্যবেক্ষন ও নিরীক্ষা বিভাগ-১/ প্রত্যবেক্ষন ও নিরীক্ষা বিভাগ-২ (সভাপতি, নিরীক্ষা ও পরিদর্শন ইউনিট, আইসিসি)/ আইসিটি সিস্টেমস্ বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য আইসিটি সিস্টেমস্ বিভাগকে অনুরোধ করা হলো।
০৫. সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা / মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬. সকল আঞ্চলিক ব্যবস্থাপক / আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭. সকল সদস্য, অভ্যন্তরীণ নিয়ন্ত্রন টিম(আইসিটি), অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
০৮. নথি/মহানথি

২৪/৭/২০১৮

(লুৎফুন নাহার নাজ)
উপ-মহাব্যবস্থাপক
অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ
এবং
সভাপতি
মনিটরিং ও পরিপালন ইউনিট
বিকেবি, প্রকা, ঢাকা।